

ঢাকা ওয়াসা

- ১। ২০২৪-২৫ অর্থ বছরের এর সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। সাপাশো এর মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের বিদ্যমান নক্সা।
- ৩। পূর্বের অনুমোদিত দরের কপি।
- ৪। বর্ণিত e-PRV Maintenance সময়ের চিত্র।
- ৫। চেম্বারের তালিকা।
- ৬। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

Name of Work: Servicing and Maintenance of PRV & Strainers of Water Transmission Network of SWTP.

০১। ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ব, বাটারফ্লাই ভাল্ব, এয়ার রিলিজ ভাল্ব, গেট ভাল্ব ও ওয়াসআউট ভাল্ব সহ বিভিন্ন ধরনের ভাল্ব চেম্বার রয়েছে। উক্ত ভাল্ব গুলোর সাথে ৮ (আট)টি মডস জোনের ডিস্ট্রিবিউশন লাইনে আন্তঃ সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। উক্ত পানি সরবরাহ ব্যবস্থা সচল রাখতে প্রতিনিয়ত ট্রান্সমিশন লাইনে বিভিন্ন ধরনের ভাল্ব ও ভাল্ব চেম্বারগুলো পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক ই-পিআরভি এবং স্ট্রেনারে ফিল্টার মেশ ব্লক হওয়ার কারণে আউটপুটে প্রয়োজনীয় প্রেসারে পানি সরবরাহ করা যাচ্ছে না। ফলে সংশ্লিষ্ট এলাকা গুলিতে পানির প্রেসার কম হতে পারে। বতমানে শুরুর মৌসম চলছে বিধায় জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।

০২। আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্বের অনুমোদিত দরের এর ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪৮,৮১৬.০৩২ (আটচল্লিশ হাজার আটশত ষোল দশমিক শূন্য তিন দুই) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ কোড নং-০১-০৪-০০১ এর খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত ক্রয় কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনে জন্য Emergency and unforeseen procurement হিসাবে ধরা আছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-২২৩ এবং প্যাকেজ নং-EU17 তে অন্তর্ভুক্ত রয়েছে। সেই আলোকে আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি কার্যক্রম পদ্ধতি এর মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠান A.F.L Enterprise কে নিয়োজিত করে কাজটি সম্পাদনের প্রস্তাবনা পেশ করা হ’ল।

০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে, “Servicing and Maintenance of PRV & Strainers of Water Transmission Network of SWTP.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি A.F.L Enterprise এর সহিত চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৪৮,৮১৬.০৩২ (আটচল্লিশ হাজার আটশত ষোল দশমিক শূন্য তিন দুই) টাকা এর অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় সংশোধিত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ, কোড নং-০১-০৪-০০১ খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৯/৬/২৫
শ্রী ব্রজ কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

১৯-০৬-২৫
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

১৯.০৬.২৫
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপাশো সার্কেল, ঢাকা ওয়াসা।

২২/৬
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা